

নথি নং-৫-কাস-৮(৪২৩২)বিচার/কমি./SCN সংক্রান্ত বিবিধ/২০২৩/ ৬০২৩ তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রি.

সূত্র: ০১। সমনথির স্মারক নং- ১৩১১৬, তারিখ: ১০/১১/২০২৪ খ্রি.
০২। সমনথির স্মারক নং- ৫৬৪২ (ক), তারিখ: ০৬/০৪/২০২৫ খ্রি.

“ আদেশ ”

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণকারী যাত্রী আপনার/আপনাদের নিকট হতে এ দপ্তরের সূত্রীয় পত্র স্মারক নং. ১৩১১৬, তারিখ: ১০/১১/২০২৪ খ্রি. এবং স্মারক নং. ৫৬৪২ (ক), তারিখ: ০৬/০৪/২০২৫ খ্রি. তারিখে জারীকৃত কারণ দর্শানো নোটিশে অন্তর্ভুক্ত ডিএম এ আটককৃত নিম্নের ছকে উল্লিখিত পণ্যসমূহ আমদানি নিয়ন্ত্রিত, ব্যাগেজ সুবিধার বহির্ভূত এবং অপর্ষটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৩ ও ২০২৪ এর তফসিল-২ ও তফসিল-৩ এর বহির্ভূত পণ্য। উক্ত পণ্যসমূহ আমদানির মাধ্যমে সংশ্লিষ্ট যাত্রী আপনি/আপনারা অপর্ষটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪ এর বিধি ৩, ৭ ও ১০, কাস্টমস আইন, ২০২৩ এর Section 17 ও Import & Export (Control) Act, 1950 এর Section 3(1) এর বিধানসমূহ লঙ্ঘন করেছেন। ফলে কাস্টমস আইন, ২০২৩ এর Section 171(1) এর টেবিলভুক্ত Clause (5) অনুযায়ী আটককৃত পণ্যসমূহ বাজেয়াপ্তযোগ্য।

০২। বর্ষিতাবছায়, উল্লিখিত বিধান লঙ্ঘনের দায়ে আটককৃত পণ্যসমূহ কেন সরাসরি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা সূত্রোক্ত ১ ও ২ নং পত্রের মাধ্যমে এই দপ্তরকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়েছিল। উল্লিখিত সময়-সীমার মধ্যে কোন জবাব না পাওয়ায় উক্ত বিষয়ে আপনার/আপনাদের কোন বক্তব্য/আপত্তি নেই মর্মে বিবেচনা করে জারীকৃত কারণ দর্শানো নোটিশ সমূহের অন্তর্ভুক্ত সংযুক্ত ডিএম সমূহের বিপরীতে আটককৃত পণ্যসমূহ সরাসরি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১০ (দশ) পাতা।

Asiatic
17.4.25

মোঃ নূর-ই-আলম সিদ্দিকী
রাজস্ব কর্মকর্তা (বিচার)

নোটিশ বোর্ড
কাস্টমস হাউস, ঢাকা

নথি নং-৫-কাস-৮(৪২৩২)বিচার/কমি./SCN সংক্রান্ত বিবিধ/২০২৩/

তারিখ: /০৪/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা।
- ০২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস-১/২/৩/৪/৫, কাস্টম হাউস, ঢাকা।
- ০৩। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।
- ০৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার, নিলাম ও পণ্য নিষ্পত্তি ব্যবস্থাপনা শাখা, কাস্টম হাউস, ঢাকা।
- ০৫। রাজস্ব কর্মকর্তা, নিলাম ও পণ্য নিষ্পত্তি ব্যবস্থাপনা শাখা, কাস্টম হাউস, ঢাকা।
- ০৬। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। [কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।]
- ০৭। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ নূর-ই-আলম সিদ্দিকী
রাজস্ব কর্মকর্তা (বিচার)